DDL-P-20

ডেকো ডিজাইনস লিঃ ও ডেকো ওয়াশিং লিঃ

নরসিংহপুর, আশুলিয়া, সাভার, ঢাকা।

সংঘবদ্ধ সামাজিক দায়িত্ব সমূহ

Corporate Social Responsibility

আর্ন্তজাতিক ভাবে ডেকো গ্রুপ একটি ভাল প্রতিষ্ঠান হিসেবে সফল ভাবে টিকে আছে। ডেকো গ্রুপ বিশ্বাস করে সমাজ এবং ব্যবসায়ের মধ্যে একটি আন্তঃনির্ভর প্রক্রিয়া যা সুস্থ কর্ম পরিবেশ ও অগ্রগতিশীল ব্যবসায়ের ক্ষেত্রে প্রয়োজন। এরই ধারাবাহিকতায় ডেকো ডিজাইনস্ লিঃ ও ডেকো ওয়াশিং লিঃ সামাজ ও মানুষের সাথে আন্তঃসম্পর্ক বজায় রাখার জন্য দায়িত্ব পালন করছে।

আমাদের সংঘবদ্ধ সামাজিক দ্বায়িত্ব পালনের উদ্দেশ্য হচ্ছে পরিবেশ ও সমাজের দায়িত্ব সমূহ পালন করে ব্যবসা করা এবং মুনাফা অর্জন করা যার সুনিশ্চিত প্রভাব সমাজে বসবাসকারী জনগোষ্টির উপর পরে।

আমাদের সংঘবদ্ধ সামাজিক দ্বায়িত্ব পালনের লক্ষ্য হচ্ছে সমাজের উন্নয়ন মূলক কর্মকান্ডে অংশগ্রহন করা ।

দ্বায়িত্বপ্রাপ্ত সেকশন ঃ এডমিন, এইচ. আর , কম্প্লায়েন্স সেকশন ।

দ্বায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি ঃ মোঃ সাহাবুদ্দিন (সহঃ ব্যবস্থাপক এইচ. আর এন্ড কম্প্লায়েন্স)

প্রতিবন্ধীদের কর্মসংস্থান

মানসম্মত বাণিজ্য এবং সমাজের উন্নয়নই এই প্রতিষ্ঠানের ভিত্তি। ডেকো ডিজাইনস্ লিঃ ও ডেকো ওয়াশিং লিঃ প্রতিবন্ধী শ্রমিকদের সক্ষমতা অনুযায়ী কাজ করার জন্য উৎসাহ প্রদান করে। আমরা আমাদের শ্রমিকদের জন্য নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ তৈরী করে থাকি। আমাদের প্রতিষ্ঠানে তিনিও একজন শ্রমিক যিনি জন্মগত বা দূর্ঘটনার কারনে শারিরিক প্রতিবন্ধী হিসেবে বিবেচিত। প্রতিবন্ধী শ্রমিকদের নিয়োগের প্রক্রিয়া ধারাবাহিক ভাবে বজায় রাখার জন্য প্রতিমাসে কমপক্ষে ১ জন প্রতিবন্ধী শ্রমিককে নিয়োগে বদ্ধপরিকর ।

উক্ত কার্যক্রম ধারাবাহিক ভাবে সম্পন্ন করার জন্য আমরা পক্ষাঘাত গ্রস্ত পুর্নবাসন কেন্দ্র (বাংলাদেশ) এর সাথে চুক্তিবদ্ধ হয়েছি তারা প্রতিমাসে আমাদের ১ জন করে শারিরিক ভাবে প্রতিবন্ধক শ্রমিক প্রদান করবেন পাশাপাশি দক্ষ শ্রমিক নিয়োগের ক্ষেত্রে ডেকো ডিজাইনস্ লিঃ উক্ত শ্রমিকের প্রশিক্ষণ বাবদ ৭০০০ টাকা প্রদান করে তাদের প্রশিক্ষণে অংশগ্রহণ করি ।

অদক্ষ শ্রমকে দক্ষ শ্রমে পরিণত করার প্রশিক্ষণে অংশগ্রহণ

আমরা অদক্ষ শ্রমকে দক্ষ শ্রমে পরিণত করার জন্য অংশগ্রহন করেছি । প্রতিষ্ঠানে নিজস্ব পরিচালনায় ট্রেনিং সেন্টার রয়েছে । সেখানে অদক্ষ শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান করার পাশাপাশি কর্মসংস্থানের ব্যবস্থা করেছি । এছাড়া পক্ষাঘাত গ্রস্ত পুর্নবাসন কেন্দ্র (বাংলাদেশ) এ শারীরিক ভাবে প্রতিবন্ধক মানুষদের আত্মবিশ্বাসী, স্বাবলম্বী ও সমাজের করার বেকারত্ব কমানোর লক্ষ্যে সেলাই কাজে প্রশিক্ষণ গ্রহন এর জন্য

- ✓ প্রতি ৩ মাস অন্তর অন্তর প্রতিষ্ঠানের লেফ্ট ওভার ফেব্রিক তাদের প্রদান করা হয়।
- ✓ ৩ মাসে ১০০ মিটার কাপড় করে বছরে ৪০০ মিটার কাপড় প্রদান করা হয় ।

- ✓ প্রতিষ্ঠান নিজ খরচে প্রক্ষাঘাত গ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র কাপড় পৌঁছে দিবে ।

আর্থ সামাজিক কর্মকান্ড

সামাজিক ভাবে যারা অবহেলিত এবং যেসকল প্রতিষ্ঠান অন্যের অনুগ্রহে চলে সেকল প্রতিষ্ঠান যেমন-স্কুল, এতিমখানা, মাদরাসায় কোম্পানীর নিজস্ব তহবিল থেকে আর্থিক সহায়তা প্রদান করে প্রতি বছর ।

শিক্ষা ঃ

সমাজে শিক্ষার হার বৃদ্ধি করার জন্য আমরা আমাদের শ্রমিকদের সন্তানদের বিনা খরচে শিক্ষার ব্যবস্থা গ্রহণ করেছি । উক্ত কার্যক্রম শিক্ষা সহায়ক কর্মসূচী হিসেবে পরিচিত ।

- ✓ শিক্ষা সহায়ক কর্মসূচীর আওতার অত্র প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক কর্মচারীদের সন্তানেরা বিনা খরচে প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।
- ✓ এই শিক্ষা সহায়ক কর্মসূচীর আওতাধীন কোন শিক্ষার্থী সরকার ঘোষিত প্রাথমিক, মাধ্যমিক স্তরে যেসকল মেধা স্থান রয়েছে তার সর্বোচ্চ স্থান (গোল্ডেন এ+) অর্জন করতে পারলে অত্র প্রতিষ্ঠান উক্ত শিক্ষার্থীকে সম্মাননা স্মারক ও প্রচলিত সুবিধার অতিরিক্ত বিশেষ শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। বিশেষ শিক্ষাবৃত্তি হিসাবে সর্বোচ্চ স্থান (গোল্ডেন এ+) অর্জনকারী PSC শিক্ষার্থীকে এককালীন = ৫,০০০/-(পাচঁ হাজার টাকা), JSC শিক্ষার্থীকে এককালীন = ১০,০০০/-(দশ হাজার টাকা), SSC শিক্ষার্থীকে এককালীন = ২০,০০০/-(বিশ হাজার টাকা) করা হবে।

স্বাস্থ্য ও চিকিৎসা

- সমাজে বসবাসরত মানুষদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে মাসে ১ দিন প্রতিষ্ঠানের ডাক্তার দ্বারা চিকিৎসা সেবা প্রদান করা হয় ।
- এছাড়া প্রতিষ্ঠানের শ্রমিক কর্মচারীর পরিবারে সদস্য রা যেকোন সময় প্রতিষ্ঠানের ডাক্তার দ্বারা সেবা গ্রহণ করতে পারেন ।
- দীর্ঘসময় লোডশেডিং সমস্যার কারণে আশেপাশে বসবাসরত মানুষের বিশুদ্ধপানির দুর্ভোগ এড়াতে তাদের চাহিদা মোতাবেক বিশুদ্ধ পানি সরবরাহ করা হয় ।

খাদ্য ও পুষ্টি

একজন সুস্থ মানুষ একটি দেশের সম্পদ। আমাদের দেশের বেশির ভাগ মানুষই পুষ্টিহীনতায় ভোগে। খাদ্য ও পুষ্টি বিষয়ে সচেতন করার জন্য সচেতনতা মূলক প্রশিক্ষণের সাথে সাথে সচেতনতামূলক পোস্টার পোস্টারিং করা হয় কারখানার অভ্যন্তরে ও বাইরে ।

সবুজায়নের উদ্যোগ সমুহ

- ডেকো ডিজাইনস্ লিঃ ও ডেকো ওয়াশিং লিঃ সবুজায়নের পদক্ষেপ গ্রহণ করেছে।
- শ্রমিকদের অংশগ্রহণে বৃক্ষরোপণ কার্যক্রম পরিচালনা করা ।
- কারখানার ভিতরে খালি জায়গা সমূহে বৃক্ষ রোপণ করে পরিশের ভারসাম্যে ভূমিকা পালন করছে ।
- পণ্য উৎপাদনের ক্ষেত্রে ক্ষতিকারক দিক সমূহ থেকে পরিবেশকে রক্ষা করতে আমরা বদ্ধ পরিকর ।
- পরিবেশের ভারসাম্য রক্ষায় বনজ, ফলজ ও ভেষজ বৃক্ষ রোপণের পরিকল্পনা করেছে ।
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন।

বর্জ্য ব্যবস্থপনা

- ডেকো ডিজাইনস্ লিঃ ও ডেকো ওয়াশিং লিঃ বদ্ধপরিকর ।
- বর্জ্যে সংগ্রহ, পরিবহণ, প্রক্রিয়াকরণ, পুণঃব্যবহার বা নিষ্কাশন এবং পর্যবেক্ষণ সঠিকভাবে করে থাকে ।
- শূন্য ভূমি ব্যবস্থাপনা করেছে ।
- বর্জ্য ব্যবস্থাপনায় সেই সকল ঠিকাদারদের সাথে চুক্তিবদ্ধ হয়েছে যারা সঠিক নিয়মে বর্জ্য ব্যবস্থাপনা করে ও যারা পরিবেশ বান্ধব।
- প্রতিষ্ঠানের শ্রমিকদের সামাজিক ভাবে সচেতন করার জন্য তাদেরকে বর্জ্য ব্যবস্থাপনায় অংশগ্রহণ করানো হয় তাদের কর্মসময়ের মধ্যে ।

অপচয় রোধ

আমরা শক্তির অপচয় রোধে কার্যক্রম গ্রহণ করেছি যা সমাজের মানুষের উপর পরোক্ষ ভাবে প্রভাব বিস্তার করে।

- শক্তির অপচয়রোধে উন্নত প্রযুক্তির ব্যবহার করি ।
- প্রাকৃতিক শক্তিকে কাজে লাগানোর জন্য সৌর শক্তি/সোলার ব্যবহার ।
- অফিস গুলোতে স্যান্সর লাইট স্থাপন ।
- পানির অপচয় রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ যেমন-বৃষ্টির পানির ব্যবহার, পুস ট্যাপ স্থাপন প্রভৃতি ।
- বৃষ্টির পানির ব্যবহার ।
- ইউটিলিটির পানির পুনঃ ব্যবহার ।

পরিবেশ নীতিমালা

- ডেকো গ্রুপে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারী এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ পরিবেশ রক্ষা এবং দূষন প্রতিরোধে প্রতিজ্ঞাবদ্ধ।
- প্রতিষ্ঠানটি পরিবেশ আইন প্রণয়ন এবং এ সম্পর্কিত সকল কার্যক্রম নিশ্চিত করে।।
- প্রতিষ্ঠানটি দূষন কমান এবং অগ্রগতিতে প্রতিজ্ঞাবদ্ধ। এই সংগঠনটি অপচয় হ্রাস, পুনঃ ব্যবহার বৃদ্ধি, শক্তি ব্যবহারের পরিমান কমানো, ক্ষতিকারক দ্রব্য নির্গত করন এবং যাদের শব্দ দূষণ পলিসি আছে ঐ সব সরবরাহকারীদের সাথে কাজ করা হয়।
- পরিবেশের ভারসাম্য রক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হল পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি ।পরিবেশের উন্নয়নের লক্ষ্য অর্জন করতে প্রয়োজন নিয়মিত পর্যবেক্ষন বার্ষিক পর্যালোচনা। প্রতিষ্ঠানটির লক্ষ্য ও উদ্দেশ্য সমূহ সকলের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে সকল কর্মকর্তা ও কর্মচারীগন তৎপর।
- উন্নত প্রযুক্তির শক্তি ব্যবহার।
- ১০০% দুষিত পানি শোধন করে সমাজের মানুষের বসবাসের পরিবেশ ও চাষাবাদের জমি দুষিত না করে পরিবেশের ভারসাম্য রক্ষায় ভূমিকা পালন করি।
- তাপ সমন্বয় রাখা।
- পচনশীল সার তৈরি করা।

বয়স্ক শিক্ষা

ডেকো ডিজাইনস লিঃ স্বাক্ষরতার হার বৃদ্ধি করতে বয়স্ক শিক্ষা কার্যক্রম শুরু করেছে । নিরক্ষর ব্যাক্তিদেরকে শিক্ষার আলোয় আলোকিত করার কার্যক্রম পরিচালনা করে তাদেরকে সামাজিক ভাবে সচেতন করেছে ।

সামাজিক বিষয়ে প্রশিক্ষণ

শ্রমিকদের সামাজিক ভাবে সচেতন করতে ও তাদেরকে উক্ত বিষয় সমূহ নিয়ে তাদের পরিবার ও পারিপার্শ্বিক পরিবেশের সাথে মত বিনিময় করার জন্য নিম্ন লিখিত বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয় ।

পরিবেশের ভারসম্য রক্ষায় গাছের ভূমিকা,বৃক্ষ রোপণে সচেতনতা , দূষণ মুক্ত বায়ুর প্রয়োজনীয়তা, দূষিত বায়ুর প্রভাব, শব্দ দূষণ, গন্ধ দূষণ, ধরণ অনুযায়ী বর্জ্য সনাক্তকরণ, নির্ধারিত পাত্রে সংরক্ষণ ও নির্ধারিত সময় অন্তর অন্তর অপসারণ,নিরাপদ পানি প্রসঙ্গে ,প্লাষ্টিক ও পলিথিন দূষণ ,খাদ্য অপচয় রোধ ও পুষ্টিগুণ প্রসঙ্গে ,জনসংখ্যা বৃদ্ধি ,যৌতুক, বাল্য বিবাহ ও বহুবাহ, নতুন প্রোডাক্ট ব্যবহারে পরিবেশের প্রভাব । যেমন - কাপড়ের রং , ডাইং , কেমিক্যাল , পলিথিন।

উপরোক্ত নীতিমালা কোম্পানী আইন অনুসারে পরিচালিত হবে এবং এর কোন সংশোধন/ পরিমার্জন/ পরিবর্ধন হলে তা এর আওতাভুক্ত হবে ও পূর্বের বিষয়টি সংশোধিত হবে।		
অনুমোদন কারী	ঃ	কল্লন এস হোসাইন
প্রস্তুতকারী	ঃ	কম্প্লায়েন্স বিভাগ
নীতিমালা কার্যকরের তারিখ	ঃ	০১/০৬/২০১৫
পুনঃমূল্যায়ন	ঃ	বছরে একবার
সর্বশেষ পুনমূল্যায়ন	ঃ	১৪/০৩/২০১৮

অনুমোদনকারী ঃ পরিচালক, ডেকো গ্রুপ
স্বাক্ষর ও সিল ঃ
সংঘবদ্ধ সামাজিক দায়িত্ব সমূহ